STONEWATER

# আপনার মতামতের **গুরুত্ব আছে**

*আমরা আমাদের প্রদান করা পরিষেবাগুলির আকৃতি দিতে ও উন্নত করতে গ্রাহকদের জড়িত হওয়াকে সত্যিই আরও সহজ করে তুলেছি।*



## গ্রাহক সংশ্লিষ্টতার প্রতি আপনার নির্দেশিকা



# স্বাগতম

Stonewater আমাদের পরিষেবাগুলি উন্নত করুন-এ সাহায্য করায় আপনার আগ্রহের জন্য আপনাকে ধন্যবাদ। আমাদের কাছে গ্রাহক সংশ্লিষ্টতা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং আমরা চাই আমাদের আপনাকে প্রদান করা সব পরিষেবাকে আমাদের গ্রাহকদের মতামত চ্যালেঞ্জ করুক, সহায়তা করুক ও বাড়িয়ে তুলুক।

এই পুস্তিকা আপনি জড়িত হতে পারেন এমন কয়েকটি উপায়ের একটি রূপরেখা আপনাকে প্রদান করে। আমাদের খতিয়ে স্ক্রুটিনি প্যানেলের সাথে নিয়মমাফিক পদগুলির থেকে পূর্ব-পরিকল্পিত নয় এমন সমীক্ষা ও মতামত পর্যন্ত, আমাদের গ্রাহকদের জন্য কিছু না কিছু আছেই, এমনকি আপনার হাতে সময় কম থাকলেও।

আমাদের পরিষেবা উন্নত করায় আমাদের সাহায্য করার অনেক সুবিধা রয়েছে, আপনি শুধু এটি নিশ্চিত করতেই আমাদের সাহায্য করবেন না যে আমাদের গ্রাহকরা সত্যিই আমরা যা করি তার একদম কেন্দ্রস্থলে আছে, বরং আপনি গুরুত্বপূর্ণ দক্ষতাগুলিও শিখবেন যেগুলি আপনাকে ব্যক্তিগত ও পেশাদারভাবে সাহায্য করবে। সবচেয়ে গুরুত্বপূর্ণ, আপনার আত্মবিশ্বাস বাড়বে এবং আপনি এমনকি আপনার সম্প্রদায়ের আরও ঘনিষ্ঠ হয়ে উঠবেন।

জড়িত হওয়া সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে customer.engagement@stonewater.org-এ গ্রাহক সংশ্লিষ্টতা টিমের সাথে যোগাযোগ করুন। আপনার অন্য কোনোকিছু সম্পর্কে আমাদের সাথে যোগাযোগ করার প্রয়োজন হলে, আমরা আমাদের সমস্ত যোগাযোগের বিশদ এই নির্দেশিকার পেছনে অন্তর্ভুক্ত করেছি।

আমি আমাদের পরিষেবার আকৃতি দিতে আপনার সাথে কাজ করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।

সু শার্ট (Sue Shirt)
**মুখ্য গ্রাহক আধিকারিক • গ্রাহক অভিজ্ঞতা**






## আপনার পছন্দসই সময়ে জড়িত হন

জড়িত হওয়ার জন্য আপনাকে আমাদের আনুষ্ঠানিক গ্রুপগুলির একটিতে যোগ দিতে হবে না - আমাদের কাছে প্রায়ই সমীক্ষা সম্পূর্ণ করা, কর্মশালায় অংশ নেওয়া এবং আমাদের পরিষেবার উপর আপনার মতামত দেওয়ার সুযোগ থাকে।

এই সুযোগগুলির জন্য আপনার ইমেল, সোশাল মিডিয়া এবং গ্রাহক হাবের উপর চোখ রাখুন।

আপনি আমাদের শুধু আপনার আইডিয়া পাঠাতে চাইলে, যেকোনো সময় আমাদের customer.engagement@stonewater.org-এ ইমেল করুন

| গ্রুপ | সময়ের প্রতিশ্রুতি | এটি আপনার জন্য যদি | আরও তথ্য চান? |
|---|---|---|---|
| স্ক্রুটিনি প্যানেল | প্রতি মাসে 6-8 ঘন্টা | আপনি Stonewater-এর সকল গ্রাহকদের জন্য পরিষেবাগুলি উন্নত করার একটি দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতি নিতে চান | পৃষ্ঠা 4 |
| স্ক্রুটিনি প্যানেলের বন্ধুরা | প্রতি মাসে 1-2 ঘন্টা | আপনি ছোটখাটো জিনিসও খুঁটিয়ে দেখেন | পৃষ্ঠা 4 |
| সম্প্রদায়ের চ্যাম্পিয়ন | প্রতি মাসে 2-4 ঘন্টা | আপনি আপনার স্থানীয় এলাকার চেহারা উন্নত করতে চান | পৃষ্ঠা 5 |
| প্রতিবন্ধকতা অন্তর্ভুক্তি গ্রুপ | প্রতি মাসে 1-2 ঘন্টা | আপনি নিশ্চিত করতে চান যে আমাদের যোগাযোগ ও পরিষেবাগুলি অ্যাক্সেসযোগ্য আছে | পৃষ্ঠা 5 |
| Facebook | এটি আপনার উপর নির্ভর করে! | আপনি Stonewater-এর সহকর্মী ও গ্রাহকদের সাথে আইডিয়া শেয়ার করতে চান | পৃষ্ঠা 6 |
| গ্রাহক হাব | এটি আপনার উপর নির্ভর করে! | আপনি Stonewater-এর সহকর্মী ও গ্রাহকদের সাথে আইডিয়া শেয়ার করতে চান | পৃষ্ঠা 6 |
| ভালোভাবে পরিণত হওয়ার বোর্ড | প্রতি মাসে 2-4 ঘন্টা | আপনি 55+ এবং পরিষেবাগুলি উন্নত করতে চান | পৃষ্ঠা 7 |
| গ্রাহক অভিযোগ শিক্ষা প্যানেল | প্রতি মাসে 2-4 ঘন্টা | আপনি ডেটায় ভালো এবং আমাদের অভিযোগগুলি থেকে শিখতে সাহায্য করতে চান | পৃষ্ঠা 8 |
| ভাড়াটে ও আবাসিকদের সমিতি | প্রতি মাসে 2-4 ঘন্টা | আপনি স্থানীয়ভাবে সম্পর্ক গড়তে চান | পৃষ্ঠা 8 |
| রহস্যময় কেনাকাটা | প্রতি মাসে 1-2 ঘন্টা | আপনার হাতে সময় কম কিন্তু একটি বড় পার্থক্য গড়তে চান | পৃষ্ঠা 8 |
| আর্জি | ভিন্ন হয় | আপনি এবং আপনার প্রতিবেশীগণ আপনার সম্প্রদায়ে একটি পরিবর্তন করতে চান | পৃষ্ঠা 8 |
| পূর্ব-পরিকল্পিত না থাকা সুযোগগুলি | এটি আপনার উপর নির্ভর করে! | আপনি কোনো গ্রুপে প্রতিশ্রুতি দিতে চান না কিন্তু আপনার আগ্রহ জাগায় এমন জিনিসগুলিতে মতামত দিতে চান | |

প্রতি মাসে 6-8 ঘন্টা

স্ক্রুটিনি প্যানেলটি হল Stonewater গ্রাহকদের একটি স্বাধীন গ্রুপ যারা পরিষেবাগুলি উন্নত করতে সাহায্য করায় আমাদের সাথে কাজ করেন।

প্যানেলটি গ্রাহকদের জন্য পরিষেবাগুলি উন্নত করায় সাহায্য করতে নির্দিষ্ট পরিষেবা এলাকার রিভিউগুলির উপর সগভীরে দায়িত্বগ্রহণ করে। সাম্প্রতিক বছরগুলিতে রিভিউগুলি আওয়াজের উপদ্রব, Stonewater-এর গ্রাহকদের সাথে যোগাযোগ, এবং আমাদের মেরামতি পরিষেবার উপর মনোনিবেশ করেছে।

প্যানেলের সদস্যরা রিভিউগুলি নিষ্পন্ন করার জন্য একটি দল হিসেবে তাদের কাজ করা নিয়ে গর্বিত। স্ক্রুটিনি প্যানেলে থাকা গ্রাহকরা সবকিছুর কেন্দ্রস্থলে গ্রাহকদের রাখার সাথে পরিষেবাগুলি যুগ্মভাবে তৈরী করতে সাহায্য করেন।

প্যানেলের সদস্যদের ভূমিকা ভিন্ন ভিন্ন - আপনি হয়তো নীতিগুলি পড়তে, পারফর্মেন্সের ডেটা দেখতে, Stonewater-এর সহকর্মীদের সাথে দেখা করতে, প্রতিবেদন ও ব্লগ লিখতে, অথবা অন্যান্য গ্রাহকদের সাথে সমীক্ষা ও কর্মশালাগুলি করতে পারেন। আপনার কাছে আপনার নেতৃত্বের দক্ষতাকে সত্যিই বিকশিত করতে সভাপতি বা সহ-সভাপতি হওয়ার দৌড়ে যোগ দেওয়ার সুযোগও রয়েছে।

আপনি প্যানেলে যোগ দিলে, আমরা নিশ্চিত করব যে আপনার ভূমিকা চরিতার্থ করার জন্য আপনার কাছে সরঞ্জাম ও প্রশিক্ষণ রয়েছে। আমরা নিজের পকেট থেকে করা ব্যয়গুলির ক্ষতিপূরণও দেব।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি উদার-মনস্ক হন এবং Stonewater-এর সকল গ্রাহকদের জন্য পরিষেবাগুলি উন্নত করার জন্য আপনার কাছে দারুণ আইডিয়া থাকে
- আপনি দারুণ বিশ্লেশাত্মক ও গবেষণার দক্ষতা বিকশিত করতে চান
- আপনি আবাসন নিয়ে একটি পেশায় আগ্রহী হন এবং কিভাবে সবকিছু কাজ করে সেই সম্পর্কে আপনার জ্ঞান উন্নত করতে চান

## স্ক্রুটিনির বন্ধুরা

স্ক্রুটিনির বন্ধুরা হল Stonewater-এর গ্রাহক যারা আমাদের তৈরী করা সবকিছু আমাদের গ্রাহকদের চাহিদা পূরণ করে তা নিশ্চিত করার জন্য আমাদের নীতিগুলি, গ্রাহক যোগাযোগ ও পরিষেবাগুলির উপর পূর্ব-পরিকল্পিত নয় এমন মতামত প্রদান করে আমাদের সাহায্য করেন তাদের একটি অনলাইন গ্রুপ।

তারা রিভিউয়ের সাথে জড়িত হয়েও স্ক্রুটিনি প্যানেলের সহায়তা করেন।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি ব্যস্ত কিন্তু আপনি আপনার পছন্দসই সময়ে জড়িত হতে চান
- আপনি ছোটখাটো সবকিছুই খুঁটিয়ে দেখেন

প্রতি মাসে 1-2 ঘন্টা

*আমি স্ক্রুটিনি প্যানেলে যোগ দিয়েছি কারণ আমি আমাদের স্থানীয় ও বৃহত্তর সম্প্রদায়কে সাহায্য করা বাধ্য বলে মনে করি। আমি সামাজিক ও সাশ্রয়ী আবাসনের সাথে যুক্ত কলঙ্ককে অপছন্দ করি তাই আমি প্যানেলকে Stonewater, তার কন্ট্রাক্টর ও তার ভাড়াটেদের মধ্যে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে এটি দূর করতে আমাদের একটি উপায় হিসেবে দেখি।*

*আমি এমন কে সম্প্রদায়ে বাস করতে চাই যেটা নিয়ে আমি ও আমাদের প্রতিবেশীরা গর্বিত।*

*গ্যারেথ (Gareth), স্ক্রুটিনি প্যানেলের সভাপতি*



## সম্প্রদায়ের চ্যাম্পিয়ন

প্রতি মাসে 2-4 ঘন্টা

সম্প্রদায়ের চ্যাম্পিয়নরা হলেন স্বেচ্ছাসেবক যারা যেখানে বাস করেন সেই জায়গা নিয়ে গর্বিত এবং তাদের সম্প্রদায়কে একটি আরও ভালো স্থান হয়ে উঠতে সাহয্য করার জন্য অনুপ্রাণিত করেন। একজন সম্প্রদায়ের চ্যাম্পিয়ন হিসেবে, আপনাকে প্রতি ছয় মাসে একবার আপনার এলাকা ঘুরে-ফিরে দেখতে হবে এবং কি ঘটছে তার উপর আমাদের একটি বিস্তারিত মতামত দিতে হবে। আমরা স্থানীয় সমস্যাগুলির সমাধান খুঁজতে আপনার সাথে অংশীদারিত্বে কাজ করব।

আপনি আমাদের মোবাইল সহকারী ও কন্ট্রাক্ট করা অংশীদারদের সাথে কাজ করার সুযোগ পাবেন এবং স্ব প্রণোদিতভাবে আমাদের পরিষ্কার করা ও ভূতল রক্ষণাবেক্ষণ পরিষেবার আকৃতি দিতে সাহায্য করবেন, পাশাপাশি আবর্জনা বেআইনিভাবে ফেলা ও পার্কিংয়ের মতো সম্প্রদায়-ব্যাপী উদ্বেগগুলি সম্পর্কে জানাবেন।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি যেখানে বাস করেন সেই জায়গাটি ভালবাসেন এবং সেটি আরও ভালো করতে সাহায্য করতে চান
- আপনার সম্প্রদায়কে একসাথে আনার জন্য আপনার কাছে দারুণ আইডিয়া থাকে
- আপনি কিভাবে আমাদের এস্টেট পরিষেবা প্রদান করা হয় সেই সম্পর্কে আরও জানতে চান

*আমি কর্মীদের সাথে দেখা করা ও তারা আমাকে যে সাহায্য করেছে সেগুলি উপভোগ করেছি। এলাকাগুলি উন্নতিতে সাহায্য করতে অর্থায়ন সম্পর্কে জানতে পারা একটা বড় সুবিধা।*

*ফ্রেডা (Freda), সম্প্রদায়ের চ্যাম্পিয়ন*

## প্রতিবন্ধকতা অন্তর্ভুক্তি গ্রুপ


প্রতি মাসে 1-2 ঘন্টা

আমাদের প্রতিবন্ধকতার অন্তর্ভুক্তি গ্রুপগুলি প্রতিবন্ধী, অক্ষম বা দীর্ঘকালীন স্বাস্থ্য অবস্থা থাকা গ্রাহক ও তাদের পরিবারদের জন্য একটি নমনীয় উপায়ে আমাদের পরিষেবাগুলিতে মতামত দেওয়ার একটি স্থান। আপনি প্রস্তাবিত পরিষেবা পরিবর্তনগুলি এবং আমাদের গ্রাহকদের বিভিন্ন চাহিদা পূরণের উন্নতিসাধনের উপর মতামত প্রদান করতে পারবেন।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি অথবা আপনার সাথে বাস করেন এমন কারও প্রতিবন্ধকতা, অক্ষমতা বা দীর্ঘকালীন স্বাস্থ্য অবস্থা থাকে
- আপনি আমাদের উন্নত করতে সাহায্য করার জন্য আপনার জীবনের অভিজ্ঞতাগুলি শেয়ার করতে স্বচ্ছন্দ বোধ করেন
- আপনি আমাদের নীতিগুলির উপর প্রভাব ফেলতে চান





## Facebook

আমরা উপকারী তথ্য, আপডেট, গ্রাহক নির্দেশিকা এবং আমাদের Facebook পেজে কি ঘটছে সেই সম্পর্কে দারুণ দারুণ গল্প নিয়মিত শেয়ার করি।

আমরা নিয়মিত অনুষ্ঠানেরও আয়োজন করি যেখানে আপনি আপনার জন্য গুরুত্বপূর্ণ জিনিসগুলি সম্পর্কে আমাদের বিশেষজ্ঞ সহকর্মীদের থেকে শুনতে পারেন - যেমন অর্থ সঞ্চয় করা বা আপনার বাড়িতে স্যাঁতস্যাঁতে ভাব ও ছাতা পরা রোধ করা।

Customer hubb

**discuss.stonewater.org-এ যান**

আমাদের গ্রাহকরা সারা দেশ জুড়ে ছড়িয়ে আছেন, এবং Stonewater গ্রাহক হাব আমাদের সকলের একসাথে আসার এবং আমাদের সম্প্রদায়গুলি সম্পর্কে কথা বলার জন্য একটি দারুণ স্থান।

আমরা এই পুস্তিকার মতো জড়িত হওয়ার জন্য গ্রাহকদের খবর ও সুযোগগুলি নিয়মিতভাবে পোস্ট করি!

গ্রাহকদের তাদের অভিজ্ঞতা, ইঙ্গিত ও পরামর্শগুলি শেয়ার করা পাশাপাশি Stonewater-এর বিবেচনা করার জন্য মতামত ও আইডিয়া দেওয়ার জন্য উৎসাহিত করা হয়।

# আপনার মতামতের গুরুত্ব আছে



## ভালোভাবে পরিণত হওয়ার বোর্ড

প্রতি মাসে 2-4 ঘন্টা

ভালোভাবে পরিণত হওয়ার বোর্ড 55 বছর ও তার বেশি বয়সের গ্রাহক, এবং Stoenwater-এর সহকর্মীদের নিয়ে গঠিত। গ্রুপটি প্রতি তিনমাসে অনলাইনে দেখা করে এবং আমাদের গ্রাহকদের সক্রিয়, স্বাধীন, খুশি ও তাদের সম্প্রদায়ের সাথে সংযুক্ত থাকতে সহায়তা করার উপায়গুলি অন্বেষণ করে।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি 55 বছরের বেশি হন
- আপনি স্বাধীনভাবে গবেষণা করা ও যা শিখেছেন তা শেয়ার করা পছন্দ করে
- আপনি আপনার সম্প্রদায় সম্পর্কে আবেগপ্রবণ
- আপনার কাছে সারা দেশের অন্যান্য Stonewater গ্রাহকদের সাহায্য করার জন্য দারুণ আইডিয়ে আছে

"ভালোভাবে পরিণত হওয়ার বোর্ডের অংশ হয়ে আমার মনে হয় আমি আমার নিজের প্রজন্মের চাহিদা ও আশাগুলোতে ইতিবাচক অবদান রাখছি। আমি প্রথমে আমার জীবনে একটা বড়সর বিপর্যের কারণে জড়িত হয়ে পড়ি যখন একটি দুর্ঘটনার ফলে আমি চলাফেরা করতে প্রচণ্ডভাবে অক্ষম হয়ে যাই, আর আমার স্বামীকে পূর্ণ সময়ের  পরিচর্যার মধ্যে রাখতে হয়।

যতটা সম্ভব জীবনকে ততটা পরিতুষ্টির সাথে যাপন করার হতাশাজনক লড়াই, আর আমার ফ্ল্যাটে বন্দী না থাকতে চাওয়ার ইচ্ছা, আমাকে একই চ্যালেঞ্জের সম্মুখীন হওয়ার অন্য উপায়গুলি সম্পর্কে উপলব্ধি করায়।

প্রবীণদের সুস্থতার উন্নতিসাধনের দিকে চালিত করতে পারে এমন সমস্যাগুলি দেখতে অন্যান্য আবাসিক ও Stonewater-এর কর্মীদের সাথে একসঙ্গে কাজ করার সুযোগ খুবই সার্থকজনক, আর আশা করা যায় এটি আরও অনেক জীবনকে পরিতুষ্ট হওয়ার দিকে চালিত করবে।

*প্যাট (Pat), ভালোভাবে পরিণত হওয়া বোর্ডের সদস্যা*



## গ্রাহক অভিযোগ শিক্ষা প্যানেল

গ্রাহকদের অভিযোগের থেকে শেখা আমাদের

প্রতি মাসে 2-4 ঘন্টা

পরিষেবাগুলি যারা ব্যবহার করছেন তাদের সকলের জন্য সেগুলি উন্নত করার একটি দারুণ উপায়।

আপনার কাছে আমাদের গ্রাহক সম্পর্ক টিমের সাথে দেখা করা, আমাদের সংগ্রহ করা ডেটা দেখা এবং অভিযোগের ক্ষেত্রে আমরা কেমন কাজ করছি তা দেখা, এবং আমাদের পরিষেবা সম্পর্কে গ্রাহকরা কি বলছেন তা শোনার সুযোগ পাবেন। একটি গ্রুপ হিসেবে, আপনি কিভাবে আমরা উন্নতি করতে পারি তার উপর বাস্তবধর্মী সুপারিশ করতে এই তথ্য ব্যবহার করবেন।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি ছোট-খাটো জিনিসও খুঁটিয়ে দেখেন এবং ডেটা বিশ্লেষণ করতে ভালবাসেন
- আপনি আবাসন ন্যায়পাল ও সামাজিক আবাসনের নিয়ামক সম্পর্কে আরও জানতে চান
- আপনি Stonewater কে উন্নত করতে সাহায্য করতে চান

## ভাড়াটে ও আবাসিকদের সমিতি

ভাড়াটে ও আবাসিকদের সমিতি হল প্রতিবেশীদের গ্রুপ যারা তাদের স্থানীয় সম্প্রদায় সম্পর্কে সিদ্ধান্ত নিতে মিলিত হন। তারা পাড়ার জন্য একটি

প্রতি মাসে 2-4 ঘন্টা

সম্মিলিত কন্ঠস্বর হিসেবে কাজ করেন - ইতিবাচক পরিবর্তনগুলি করার জন্য কাজ করে। এই গ্রুপগুলি আপনার সম্প্রদায়ে নতুন ক্লাব, ক্রিয়াকলাপ ও উদযাপনগুলিতেও সহায়তা করতে পারেন - আপনার কাছে সম্প্রদায়ের গ্রুপ বা অনুষ্ঠানের জন্য একটি আইডিয়া থাকলে শুরু করার জন্য একটা দারুণ স্থান

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনি আপনার প্রতিবেশীদের সাথে সম্পর্ক গড়তে চান
- আপনার কাছে আপনার স্থানীয় সম্প্রদায়ের সাথে শেয়ার করার জন্য দারুণ আইডিয়া থাকে

## রহস্যময় কেনাকাটা

প্রতি মাসে 1-2 ঘন্টা

আমাদের রহস্যময় খরিদ্দাররা আমাদের সহায়ক টিমগুলির সাথে প্রতিদিন অনুসন্ধান করে এবং আমরা দারুণ গ্রাহক পরিষেবা প্রদান করি ও সঠিক তথ্য দিই তা নিশ্চিত করে আমাদের পরিষেবাগুলি উন্নতিতে আমাদের সাহায্য করেন।

এই গ্রুপটি আপনার জন্য যদি:

- আপনার হাতে সময় কম থাকে কিন্তু বড় পার্থক্য গড়তে চান
- আপনি আপনার অভিজ্ঞতার উপর বিস্তারিত নোট বানাতে পারেন

## আর্জি

যদি আপনি বা আপনার প্রতিবেশী কিভাবে আপনি যেখানে বাস করেন সেখানে কোনোকিছু উন্নত করতে পারেন সেই সম্পর্কে সুপারিশ করতে চান, তাহলে আপনি স্বাভাবিক সব উপায়ে যোগাযোগ করতে পারেন। কিন্তু আমরা বুঝি যে কখনও কখনও, আপনি একটি আর্জি জমা দিতে চাইতে পারেন।

একটি আর্জি একদল গ্রাহক স্বাক্ষর করেন এবং এমন কোনোকিছুর অনুরোধ করতে ব্যবহার করা যেতে পারে যা আপনার স্থানীয় এলাকায় মানুষদের সুবিধা দেবে। আপনি আর্জি এবং কিভাবে একটি জমা দিতে পারেন সেই সম্পর্কে তথ্য আমাদের ওয়েবসাইটে "আর্জি"-এর জন্য সন্ধান করে খুঁজে বের করতে পারেন।







**Stonewater আমাদের যে গ্রাহকদের অনলাইনে যেতে সহায়তার প্রয়োজন হয় তাদের সাহায্য করতে We are Group-এর সাথে অংশীদারিত্বে কাজ করে।**

তারা আপনার অনলাইন চাহিদার জন্য বিশেষভাবে তৈরী রিমোট সেশন প্রদান করে, সবকিছু একদম বিনামূল্যে।

আপনি জড়িত হতে চান কিন্তু অনলাইন হতে সামান্য সাহায্য প্রয়োজন হলে এবং আরও জানতে চাইলে, আমরা সহ্য করতে পারি।

আমাদের 0114 551 2551 নম্বরে কল করুন বা
bit.ly/SW_WAG-এ যান




## জড়িত হওয়ার উপর আরও তথ্যের জন্য

আমাদের সংক্ষিপ্ত ফর্মটি পূরণ করুন এখানে:
stonewater.org/customers/get-involved/ অথবা QR কোড স্ক্যান করুন।

discuss.stonewater.org
মতামত দিন এবং আরও অনেক কিছু

facebook.com/stonewateruk
নিয়মিত অনুষ্ঠান ও সাম্প্রতিক খবরের জন্য

stonewater.org/get-involved
সংশ্লিষ্টতার সুযোগগুলির উপর আরও তথ্যের জন্য



**অনলাইনে নেই? আপনার জন্য সংশ্লিষ্টতাকে অ্যাক্সেসযোগ্য করতে কোনোকিছু উপযোগী করতে হবে? আমাদের সাথে 01202 319 119 নম্বরে যোগাযোগ করুন**



## English

This guide is available in other languages - if you require a translation you can find these on our website at www.stonewater.org/supporting-you/making-a-complaint/, or contact us on customers@stonewater.org

## اللغة العربية

هذا الدليل بلغات أخرى - إذا كنت بحاجة إلى ترجمة يمكنك العثور عليها على موقعنا /www.stonewater.org
/supporting-you/making-a-complaint، أو التواصل معنا على customers@stonewater.org

## বাংলা

এই নির্দেশিকাটি অন্যান্য ভাষায় পাওয়া যায় - যদি আপনার অনুবাদের প্রয়োজন হয় তবে আপনি আমাদের ওয়েবসাইটে এটি পেতে পারেন www.stonewater.org/supporting-you/making-a-complaint/বা এখানে আমাদের সাথে যোগাযোগ করুন customers@stonewater.org

## ગુજરાતી

આ ગાઈડ અન્ય ભાષાઓમાં ઉપલબ્ધ છે - જો તમને ભાષાંતરની જરૂર હોય તો તમે અમારી વેબસાઇટ પર આ શોધી શકો www.stonewater.org/supporting-you/making-a-complaint/, અથવા customers@stonewater.org પર અમારો સંપર્ક કરો

## Limba română

Acest ghid este disponibil în alte limbi - dacă aveți nevoie de o traducere, o puteți găsi pe website-ul nostru la www.stonewater.org/supporting-you/making-a-complaint/, sau ne puteți contacta la customers@stonewater.org

## Polski

Niniejszy przewodnik jest dostępny w innych językach – w razie potrzeby możesz przeczytać tłumaczenie na naszej stronie internetowej pod adresem www.stonewater.org/supporting-you/making-a-complaint/ lub skontaktować się z nami, pisząc na adres customers@stonewater.org

## ਪੰਜਾਬੀ

ਇਹ ਗਾਈਡ ਦੂਜੀਆਂ ਭਾਸ਼ਾਵਾਂ ਵਿੱਚ ਉਪਲਬਧ ਹੈ - ਜੇਕਰ ਤੁਹਾਨੂੰ ਅਨੁਵਾਦ ਦੀ ਲੋੜ ਹੈ ਤਾਂ ਤੁਸੀਂ ਇਹਨਾਂ ਨੂੰ ਸਾਡੀ ਵੈਬਸਾਈਟ www.stonewater.org/supporting-you/making-a-complaint/ 'ਤੇ ਵੇਖ ਸਕਦੇ ਹੋ, ਜਾਂ customers@stonewater.org 'ਤੇ ਸਾਡੇ ਨਾਲ ਸੰਪਰਕ ਕਰ ਸਕਦੇ ਹੋ

## Español

Esta guía está disponible en otros idiomas; si necesita una traducción, podrá encontrarla en nuestro sitio web: www.stonewater.org/supporting-you/making-a-complaint/, o poniéndose en contacto con nosotros a través de customers@stonewater.org

## Português

Este guia está disponível noutros idiomas — se precisar de uma tradução, pode encontrá-la no nosso website, em www.stonewater.org/supporting-you/making-a-complaint/, ou contactar-nos através do email customers@stonewater.org

## Italiano

Questa guida è disponibile in altre lingue: le traduzioni si trovano sul nostro sito web all'indirizzo www.stonewater.org/supporting-you/making-a-complaint/ oppure è possibile richiederle scrivendo a customers@stonewater.org

## اردو

یہ گائیڈ دیگر زبانوں میں بھی دستیاب ہے - اگر آپ کو اس کے ترجمہ کی ضرورت ہو تو یہ ہماری ویب سائٹ پر مل سکتی ہے: /www.stonewater.org/supporting-you
/making-a-complaint، یا ہم سے اس پر رابطہ کریں customers@stonewater.org



STONEWATER

# আপনার মতামতের **গুরুত্ব আছে**

## কিভাবে যোগাযোগ করতে পারেন:

MyHome

myhome.stonewater.org
-এ যান, মেরামতির রিপোর্ট করুন, একটি ডেবিট কার্ড সেট-আপ করুন এবং আপনার ভাড়াটে থাকার মেয়াদ 24/7 পরিচালনা করুন

আমাদের
01202 319 119
নম্বরে কল করুন, লাইনগুলি সোম-শুক্র সকাল 8টা-রাত 8টা পর্যন্ত খোলা এবং শনিবার সকাল 9টা-দুপুর 1টা পর্যন্ত খোলা

stonewater.org
-এ যান সাম্প্রতিক খবর ও লাইভচ্যাটের জন্য

Customer hubb

কথপোকথনে যোগ দিন
discuss.stonewater.org
মতামত দিন এবং আরও অনেক কিছু

Stonewater Limited
দাতব্য রেজিস্টার করা সোসাইটি নং 20558R।

রেজিস্টার করা অফিস:
Suite C, Lancaster House
Grange Business Park
Enderby Road
Whetstone
Leicester
LE8 6EP

মার্চ 2024